# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

**www.ncc.gov.bd**

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০২২(ক).৫১.০৭৭.২৫/ ৭৩৫ তারিখ: ০৬/০১/২০২৫ খ্রি:

## অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্যা সিটি কর্পোরেশন (করারোপন) বিধিমালা-১৯৮৬ এর বিধি-২১ অনুসারে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক নারায়ণগঞ্জ অঞ্চলে ১০-১৮নং ওয়ার্ডে আগামী ২০২৫-২০২৬ হতে ২০২৯-২০৩০ অর্থবছরের পৌরকর মূল্যায়নের নিমিত্ত মাঠ পর্যায়ে সরেজমিনে এসেসমেন্ট ও রি-এসেসমেন্ট করার জন্য নিম্নোক্তভাবে ওয়ার্ড ভিত্তিক টীম গঠন কর হলো।

| এসেসমেন্ট টীম নং | কর্মকর্তা/কর্মচারীবৃন্দের পরিচিতি | পদবী | দায়িত্বাধীন ওয়ার্ড | হোল্ডিং সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১ | জনাব রেদোয়ান হায়দার চৌধুরী, কোষাধ্যক্ষ | টীম লিডার | ১০ | ১১৯৪ |
| | জনাব ফারুক আজম খান, সহকারী কর আদায়কারী | সদস্য | | |
| | জনাব রিপন হোসেন বাপ্পী, দক্ষ শ্রমিক, রাজস্ব বিভাগ | সদস্য | | |
| ০২ | জনাব মো: আফলাতুন কাউছার, সহকারী কর নির্ধারক | টীম লিডার | ১১ | ১৫৬২ |
| | জনাব জহিরুল ইসলাম, দক্ষ শ্রমিক, সম্পত্তি বিভাগ | সদস্য | | |
| | জনাব জালাল উদ্দিন রুমি, দক্ষ শ্রমিক, রাজস্ব বিভাগ | সদস্য | | |
| ০৩ | জনাব মো: কবির হোসেন, কর নির্ধারক | টীম লিডার | ১২ | ২০৫১ |
| | জনাব মো: আমিনুল ইসলাম, সহকারী কর আদায়কারী | সদস্য | | |
| | জনাব ইশতিয়াক সানি, দক্ষ শ্রমিক, রাজস্ব বিভাগ | সদস্য | | |
| ০৪ | জনাব মো: নাদির হোসেন ফকির,কর নির্ধারণ কর্মকর্তা | টীম লিডার | ১৩ | ৩১৫৯ |
| | জনাব মো: মাসুদ পারভেজ, অফিস সহায়ক | সদস্য | | |
| | জনাব মো: সেলিম, দক্ষ শ্রমিক, রাজস্ব বিভাগ | সদস্য | | |
| ০৫ | জনাব লিপিকা রানী দাস, সহকারী কর নির্ধারক | টীম লিডার | ১৪ | ১৬১৪ |
| | জনাব মো: আলী হোসেন, সহকারী কর আদায়কারী (ভা:) | সদস্য | | |
| | জনাব মো: হাসিবুল হাসান, দক্ষ শ্রমিক, রাজস্ব বিভাগ | সদস্য | | |
| ০৬ | জনাব অনন্ত কুমার পাল, কর নির্ধারক | টীম লিডার | ১৫ | ১৯৭২ |
| | জনাব অনুপ চক্রবর্তী, দক্ষ শ্রমিক, রাজস্ব বিভাগ | সদস্য | | |
| | জনাব পায়েল চৌধুরী, দক্ষ শ্রমিক, রাজস্ব বিভাগ | সদস্য | | |
| ০৭ | জনাব জি.এম এ ছাত্তার, কর নির্ধারণ কর্মকর্তা | টীম লিডার | ১৬ | ২৩০৩ |
| | জনাব মো: রায়হান উদ্দিন, সহকারী কর আদায়কারী | সদস্য | | |
| | জনাব নূরুজ্জামান অপু, দক্ষ শ্রমিক, পানি সরবরাহ বিভাগ | সদস্য | | |
| ০৮ | জনাব পান্না নাহার ডেইজী, কর নির্ধারক | টীম লিডার | ১৭ | ১৬৬৪ |
| | জনাব দিলীপ কুমার দে, উচ্চমান সহকারী | সদস্য | | |
| | জনাব মো: সহিদ হোসেন, দক্ষ শ্রমিক, সমাজকল্যাণ বিভাগ | সদস্য | | |
| ০৯ | জনাব শাহাদাৎ হোসেন সুমন, স্বাস্থ্য সহকারী | টীম লিডার | ১৮ | ২৮৫২ |
| | জনাব মেহেদী হাসান, সহকারী কর আদায়কারী (ভা:) | সদস্য | | |
| | জনাব মো: শাহপরান সিয়াম, দক্ষ শ্রমিক, প্রশাসন বিভাগ | সদস্য | | |

**(ঘ) মাঠ পর্যায়ে জরীপকালীন ও মূল্যায়ন নির্ধারণে শর্তসমূহ:**

১. দ্যা সিটি কর্পোরেশন (করারোপন) বিধিমালা-১৯৮৬ এর এসেসমেন্ট সংশ্লিষ্ট বিধি ও উপবিধি অনুসরণে **নির্ধারিত সময়ের মধ্যে** (সময়: ১২/০১/২০২৫ খ্রি. হতে ১১/০৩/২০২৫খ্রি.) হোল্ডিং জরীপ এসেসমেন্ট/রি-এসেসমেন্ট সম্পন্ন করতে হবে।

২. প্রতিটি হোল্ডিংস্থ স্থাপনার মালিকানা নিশ্চিত হয়ে পরিমাপ সঠিকভাবে গ্রহণ করতে ও ব্যবহারিক প্রকৃতি উল্লেখ করতে হবে।

৩. রাজস্ব নির্ধারণ ও আদায়ের স্বার্থে ১ম বারের ন্যায় কোনো স্থাপনা রেকর্ডভূক্ত করতে অর্থাৎ নতুন হোল্ডিং সৃজনের ক্ষেত্রে কোনো হোল্ডিং সৃজন ফি গ্রহণ করা যাবে না।

Scanned with CamScanner

৪. হোল্ডিংয়ের মালিকানা পরিবর্তন, করবিভক্তি ও হোল্ডিং একত্রীকরণের ক্ষেত্রে সাবেক এনসিসি পরিসদের ৬ষ্ঠ সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত হারে মালিকানা দলিল এর প্রকৃতি ও দলিলমূল্য অনুসারে ফি (১৫% ভ্যাটসহ) আদায় করতে হবে। দলিল ও ফি জমা রশিদ এর কপি সংরক্ষণ করে তালিকা করতে হবে এবং জরীপ কাজে সম্পন্ন করে তা নারায়ণগঞ্জ অঞ্চলের এসেসমেন্ট শাখায় বুঝিয়ে দিতে হবে।

৫. **বকেয়া পৌরকর আদায় সাপেক্ষে** একাধিক মালিকের অংশীদারিত্ব রয়েছে এরূপ হোল্ডিংয়ের করবিভক্তি করা যাবে। তবে এক্ষেত্রে প্রচলিত নিয়মে ফি আদায় সম্ভব না হলে হোল্ডিং মালিকের নামের পূর্বে **দখলকার-মালিক** শব্দটি সংযোজন করতে হবে। তবে **বকেয়া পৌরকর আদায় রশিদ ও** মালিকানা দলিল সংরক্ষণ করে তালিকা করতে হবে এবং জরীপ কাজে সম্পন্ন করে তা নারায়ণগঞ্জ অঞ্চলের এসেসমেন্ট শাখায় বুঝিয়ে দিতে হবে।

৬. সরকারি প্রতিষ্ঠান ও শিল্প কারখানা পরিমাপের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালিক অথবা তাদের প্রতিনিধির উপস্থিতিতে পরিমাপ গ্রহণ করে তাদের স্বাক্ষর গ্রহণ করতে হবে।

৭. যে সকল হোল্ডিংয়ে স্থাপনার উপর মোবাইল টাওয়ার ও বিল বোর্ড রয়েছে তা কোম্পানির নামসহ লিপিবদ্ধ করতে হবে।

৮. প্রতিটি হোল্ডিং মালিক বা দখলকার এর মোবাইল নম্বর (Active রয়েছে) সংগ্রহ করতে হবে।

৯. পরিচ্ছন্নভাবে ফিল্ড জরীপের রেকর্ড সংশ্লিষ্ট ওয়ার্ডের টীম লিডার কর্তৃক এসেসমেন্ট রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

১০. দ্যা সিটি কর্পোরেশন (করারোপন) বিধিমালা-১৯৮৬ এর বিধি-২৬ মোতাবেক হোল্ডিংয়ের মালিকানা, স্থাপনার পরিমাপ, ব্যবহারিক প্রকৃতি ও মূল্যায়ন নির্ধারণ সংক্রান্ত করণিক ত্রুটি সংশোধনযোগ্য।তবে উদ্দেশ্যমূলক ত্রুটির জন্য টীম লিডার/এসেসর সহ উক্ত টিমের সকল সদস্যগণ দায়ী থাকবেন।

১১. এনসিসি সাবেক পরিষদ কর্তৃক স্থাপনার প্রকৃতি অনুসারে নির্ধারিত মূল্যায়ন রেইট ও পৌরকরের হার অনুসারে ২০২৫-২৬ অর্থবছর হতে পৌরকর আদায় কাযক্রম বাস্তবায়নযোগ্য। এর পূর্বে কোনো নতুন হোল্ডিং সৃজন বা কোনো হোল্ডিংয়ের মালিকানা পরিবর্তন/করবিভক্তি/একত্রীকরণ করা হলে তা প্রচলিত নিয়মে সম্পন্ন করতে হবে।

১২. মুল্যায়ন নির্ধারণে ব্যাংক লোন বা ধর্মীয় প্রতিষ্ঠান বা দাতব্য সংস্থা বা বীর মুক্তিযোদ্ধা/স্ত্রীর নামীয় হোল্ডিংয়ের ক্ষেত্রে দ্যা সিটি কর্পোরেশন (করারোপন) বিধিমালা-১৯৮৬ এর বিধি-বিধান, পরিপত্র ও পরিষদের সিদ্ধান্ত অনুসারে প্রচলিত নিয়মে ব্যবস্থা নিতে হবে এবং সংশ্লিষ্ট প্রমানাদি সংরক্ষণ করে নারায়ণগঞ্জ অঞ্চলের এসেসমেন্ট শাখায় বুঝিয়ে দিতে হবে।

বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সরেজমিনে জরীপের মাধ্যমে হোল্ডিং এসেসমেন্ট কাজ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৬/০১/২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
এবং
প্রধান রাজস্ব কর্মকর্তা (অ.দা.)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ২২৪৪৩৮৫৯৬
nurkutubul16159@gmail.com

স্মারক নং-৪৬.১৬.০০০০.০২২(ক).৫১.০৭৭.২৫/৭৩৫(২)৫ তারিখ: ০৬/০১/২০২৫ খ্রি:

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কাযার্থে প্রেরণ করা হলো।**

১। জনাব ---------------------------------- ------------------------------------------ -------------------------------------।

২। পি.এস.টু প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। পি.এস.টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। হিসাব শাখা/কর আদায় শাখা/বিলিং সফটওয়্যার অপারেটর, সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

৫। অফিস কপি।

০৬/০১/২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

Scanned with CamScanner